কালের কণ্ঠ

তারিখ 18 JUN 2015
পৃষ্ঠা ৩ কলাম ২

ডিআরইউতে নাহিদ

# শিক্ষা খাতের বাজেট অবাস্তব, অবিশ্বাস্য

নিজস্ব প্রতিবেদক ▷

স্কুল, কলেজ, মাদ্রাসা, কারিগরি প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয় মিলিয়ে বাংলাদেশে বর্তমানে মোট শিক্ষার্থীর সংখ্যা প্রায় পাঁচ কোটি ৫২ লাখ, যা দেশের মোট জনগণের প্রায় ৩৫ শতাংশ। অথচ শিক্ষা উন্নয়নে আগামী বাজেটে এদের জন্য বরাদ্দের প্রস্তাব মূল বাজেটের ১০ শতাংশেরও কম। তাই শিক্ষা' খাতের এ বাজেটকে 'অবাস্তব' ও 'অবিশ্বাস্য' আখ্যা দিলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গতকাল বুধবার দুপুরে ঢাকা রিপোর্টার্স ইউনিটির (ডিআরইউ) সদস্যদের সন্তানদের বৃত্তি ও সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সংগঠনের সাগর-রুনি মিলনায়তনে ওই অনুষ্ঠানে এ বছর পিএসসিতে উত্তীর্ণ ২৫ ও জেএসসির ১৭ জন শিক্ষার্থীকে শিক্ষা বৃত্তি ও সনদ দেওয়া হয়।

মন্ত্রী বলেন, 'গত ছয়-সাত বছরে আড়াই গুণ শিক্ষার্থী বেড়েছে। শিক্ষার গুণগত মান বৃদ্ধি করাটাই এখন আমাদের জন্য বড় চ্যালেঞ্জ।'

শিক্ষা মন্ত্রণালয়ের বিরুদ্ধে সাড়ে সাত হাজার মামলা রয়েছে উল্লেখ করে তিনি বলেন, 'আমরা সব শিক্ষাপ্রতিষ্ঠানকে নিয়ন্ত্রণ করতে পারছি না। কারণ বেশির ভাগ শিক্ষাপ্রতিষ্ঠানই বেসরকারি। তারা অনেক নিয়মনীতিই মানতে চায় না। যেমন আমরা রেজাল্টের ভিত্তিতে একাদশ শ্রেণিতে ভর্তির নিয়ম করলাম। কিন্তু নটর ডেম কলেজ আদালতে রিট করে ভর্তি পরীক্ষা নিচ্ছে। আমাদের ওপর সাড়ে সাত হাজার মামলা রয়েছে। আমরা মামলাগুলোতে জিততেও পারি না। আমাদের অর্থ ও জনবল উভয়েরই সংকট রয়েছে।'

ডিআরইউ সভাপতি সাখাওয়াত হোসেন বাদশার সভাপতিত্বে অনুষ্ঠানে আরো বক্তব্য দেন ঢাকা টাইমসের সম্পাদক আরিফুর রহমান, ডিআরইউয়ের সাবেক সভাপতি শাহেদ চৌধুরী প্রমুখ।